রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা
web: www.pch.gov.bd; e-mail: pangaoncustoms@gmail.com
facebook page: www.facebook.com/customhousepangaon

জিইপি/বাহক মারফত

নথি নং-৫(০৩)কাস/নিলাম সংক্রান্ত/বিবিধ/মতামত/কাঃহাঃপাঃ/২০২৩/১৭৫৭ তারিখ ঃ ২০/০৫/২০২৪ খ্রিঃ

বিষয় ঃ **কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র টেন্ডার সেল নং- ০১/২০২৪ এর মাধ্যমে আটক/বাজেয়াপ্ত/অখালাসকৃত/দাবীদারবিহীন মালামাল E-Auction ও দরপত্র বা সিল্ড টেন্ডার এর মাধ্যমে বিক্রয় প্রসঙ্গে।**

কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র আটক/বাজেয়াপ্ত/অখালাসকৃত/দাবীদারবিহীন মালামাল দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৮২ (১) এর ক্ষমতা বলে আগামী ৩০/০৫/২০২৪ তারিখে **E-Auction** দরপত্র বা সিল্ড টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে টেন্ডার সেল নং-০১/২০২৪ এর মালামাল নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

০১। সর্ব সাধারণের অবগতির জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ- ৪১/কাস্টমস/২০২২, তারিখ: ০৪/০৯/২০২২ খ্রিঃ মোতাবেক আগামী ২৩/০৫/২০২৪ তারিখের মধ্যে ০১ (এক) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক এবং ০১ (এক) টি স্থানীয় পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Softwer ( http://103.48.18.166/auction/752 ) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলাম অংশ গ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যাক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ আয়কর সনদ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালানাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে। দরতদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যেকোন তফসিলে ব্যাংক হতে কমিশনার কাস্টম হাউস পানগাঁও, ঢাকা এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংখ ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং এর মূল কপি ও প্রজোয্য দলিলাদি প্রতি লটের প্রাথমিকভাবে নির্বাচিত প্রথম ও দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে রাজস্ব কর্মকর্তা (নিলাম), কাস্টম হাউস পানগাঁও, ঢাকা এর দপ্তরে দাখিল করতে হবে। নিলাম বিজ্ঞপ্তিতে নিলাম অনুষ্ঠান এর স্থান, তারিখ, সময় ও পণ্যের সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ থাকতে হবে। একই সাথে নিলাম সংক্রান্ত তথ্য, বিজ্ঞাপন, ক্যাটালগ ও Schedule কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা এর ওয়েবসাইট (web: www.pch.gov.bd ) এ পাওয়া যাওয়ার বিষয়টিও উল্লেখ থাকতে হবে। প্রচারিত বিজ্ঞাপনসহ পত্রিকার কপি পরবর্তী কার্যদিবসে এ দপ্তরে দাখিল করতে হবে।

০২। নিলাম বিজ্ঞপ্তি প্রচারের পর ২৪/০৫/২০২৪ তারিখ হইতে অফিস চলাকালীন সময় ৩০/০৫/২০২৪ তারিখ দুপুর ০২:০০ (দুই) ঘটিকা পর্যন্ত ক্যাটালগ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) ও দরপত্রের Schedule ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) ধার্যকৃত মূল্যে নিম্ন বর্ণিত দপ্তর সমূহে আপনার মনোনীত প্রতিনিধির মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে।
ক) কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা, খ) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা, গ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

০৩। বিক্রয়কৃত (ওয়েবসাইট এর মাধ্যমে বিক্রয় ব্যতীত) সকল ক্যাটলগ ও Schedule এর তথ্য লিপিবদ্ধ করার জন্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে। বিক্রিত ক্যাটালগ এবং Schedule এর একটি তালিকা,বিক্রয় রিসিট এবং ক্রমিক নং ও ক্রেতার/প্রতিষ্ঠানের নামসহ ৩০/০৫/২০২৪ তারিখ অফিস চলাকালীন এ দপ্তরে দাখিল করতে হবে।

০৪। একইসাথে নিলাম Schedule ও ক্যাটালগ কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও,ঢাকা এর ওয়েবসাইট (web: www.pch.gov.bd) এ প্রকাশের ব্যবস্থা করা হবে যা বিজ্ঞাপন প্রকাশের পর ২৬/০৫/২০২৪ খ্রিঃ হইতে ২৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত ডাউনলোড করা যাবে। ক্যাটালগ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্রের Schedule ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) অর্থাৎ মোট ৭০০/- (সাতশত) টাকার পে অর্ডার খান ট্রেডিং কোং এর অনুকুলে দরপত্রের সাথে দাখিল করার বিধান রাখা হয়েছে এবং দরপত্রের সাথে প্রাপ্ত পে-অর্ডারসমূহ আপনার নিকট হস্তান্তরের ব্যবস্থা করা হবে।

০৫। পণ্য পরিদর্শন ২৯/০৫/২০২৪ খ্রিঃ । দরপত্র জমা ৩০/০৫/২০২৪ খ্রিঃ E-Auction এর ক্ষেত্রে ২৬/০৫/২০২৪খ্রিঃ হইতে ৩০/০৫/২০২৪ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত নিবন্ধন সাপেক্ষে সিডিউল উত্তোলন ও জমা দেওয়া যাবে। সিডিউল উন্মুক্ত ০১/০৬/২০২৪ খ্রিঃ।

০৬। নিলাম বিজ্ঞপ্তি প্রচারের পর আগামী ২৯/০৫/২০২৪ তারিখ সকাল ১০:০০ (দশ) ঘটিকা হতে বিকাল ৩:০০ (তিন) ঘটিকা পর্যন্ত কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও ঢাকা এর গুদাম কর্মকর্তা এবং বন্দর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে নিলামযোগ্য পণ্য পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। সরকারি নিলামকারী হিসেবে আপনি/আপনার প্রতিষ্ঠান এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৭। আগামী ৩০/০৫/২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ১) কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা; ২) কাস্টম হাউস, আইসিডি, ঢাকা; এবং ৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর অফিস সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে। সেই লক্ষ্যে উল্লিখিত দপ্তর সমূহে দরপত্র বাক্স স্থাপনের ব্যবস্থা করতে হবে। বেলা ২:০১ ঘটিকায় এ দপ্তরে নিলাম শাখার সদস্যের উপস্থিতিতে টেন্ডার বাক্স সীলগালা করার ব্যবস্থা করতে হবে। সংশ্লিষ্ট সকল দপ্তরে স্থাপিত টেন্ডার বাক্স খোলা, প্রাপ্ত দরপত্রের তালিকা প্রস্তুত ও প্রাপ্ত টেন্ডারসমূহ ৩০/০৫/২০২৪ খ্রিঃ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে সীলগালা অবস্থায় খামে এ দপ্তরে প্রেরণের ব্যবস্থা করতে হবে। পানগাঁও শুল্ক ভবনে নিলাম অনুষ্ঠানের দিন অর্থাৎ ০১/০৬/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় উপস্থিত নিলাম কমিটির সদস্যগণ ও উপস্থিত দরদাতাগণের সম্মুখে নিলাম বাক্স উন্মুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। যেকোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। নিলাম স্থগিত/বাতিল/সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ মশিউর রহমান
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে

প্রাপক:
খান ট্রেডিং কোং
৮৬, পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯

O/c

নথি নং-৫(০৩)কাস/নিলাম সংক্রান্ত/বিবিধ/মতামত/কাঃহাঃপাঃ/২০২৩/১৭৫৭(১-৭) তারিখ ঃ২০/০৫/২০২৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। কমিশনার, কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা/,কাস্টম হাউস, আইসিডি, ঢাকা/,কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা [তাঁকে টেন্ডার অনুষ্ঠানের সুনির্দিষ্ট দিন ও সময়ে টেন্ডার বাক্স স্থাপন, প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা করণ, উপস্থিত দরদাতাদের সামনে টেন্ডার বাক্স খোলা, প্রাপ্ত দরপত্রের তালিকা প্রস্তুত এবং প্রাপ্ত টেন্ডারসমূহ নিলাম অনুষ্ঠানের পরের দিন ২৭/০৫/২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ ঘটিকার মধ্যে সীলগালা অবস্থায়খামে এ দপ্তরে প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।]

০৩। টার্মিনাল ম্যানেজার, আইসিটি, পানগাঁও, ঢাকা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ [তাঁকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো]।

০৪। গুদাম কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা।

০৫। শাখা সহকারী (গ্রহণ ও প্রেরণ শাখা), কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা [তাকে টেন্ডার সেল নং- ০১/২০২৪ এর জন্য প্রাপ্ত সকল দরপত্র গ্রহণের সুনির্দিষ্ট তারিখ ও সময়ে খামের উপর এবং গ্রহণ রেজিস্টারে উল্লেখ করে দরপত্র গ্রহণ করতে এবং সীলগালা অবস্থায় নিলাম বাক্সে প্রেরণ করার জন্য বলা হলো]।

০৬। সদস্য (সকল), নিলাম কমিটি, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা ২৯/০৫/২০২৪ তারিখ বেলা ৩:৩০ ঘটিকায় এ দপ্তরের সম্মেলন কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭। অফিস কপি।

O/c

মোঃ মশিউর রহমান
যুগ্ম কমিশনার